# টি আই এল লিমিটেড

Tractors India

[CIN: L74999WB1974PLC041725]
রেজিস্টার্ড অফিস ঃ ১, তারাতলা রোড, গার্ডেন রীচ, কলকাতা - ৭০০ ০২৪
ফোন ঃ (০৩৩) ৬৬৩৩ ২০০০/২৮৪৫; ফ্যাক্স ঃ (০৩৩) ২৪৬৯ ৩৭৩১/২১৪৩
ওয়েবসাইট ঃ www.tilindia.in

## ৪১তম বার্ষিক সাধারণ সভা, বই বন্ধ ও ইলেক্টনিক পদ্ধতিতে ভোটদান সম্পর্কিত তথ্য বিষয়ে নোটিস

এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, ২৭শে মে, ২০১৬ তারিখের বার্ষিক সাধারণ সভার নোটিসে বর্ণিত কার্যাবলি সম্পাদনের জন্য টিআইএল লিমিটেড ('কোম্পানি')-এর ৪১তম বার্ষিক সাধারণ সভা (এজিএম) ২২শে জুলাই, ২০১৬ তারিখে শুক্রবার, ১০.০০ ঘটিকায় কোম্পানির রেজিস্টার্ড অফিস ১, তারাতলা রোড, গার্ডেনরিচ, কলকাতা-৭০০ ০২৪-তে অনুষ্ঠিত হবে বলে নির্ধারিত হয়েছে।

কোম্পানি এজিএম-এর নোটিস, অটেন্ডেন্স স্লিপ ও প্রক্সি ফর্ম এবং ৩১শে মার্চ, ২০১৬-তে শেষ হওয়া বছর বাবদ বার্ষিক রিপোর্ট প্রেরণের কাজ নিম্নোক্তভাবে ২৮শে জুন, ২০১৬ তারিখে সম্পূর্ণ করেছে। (ক) যে সমস্ত সদস্যদের ই-মেল আইডি ডিপোজিটারি পার্টিসিপেন্ট (ডিপি)-এর রেকর্ডে রেজিস্টার্ড, তাঁদের ইলেক্টনিক মেল (ই-মেল) মারফত এবং (খ) অন্যান্য যে সব সদস্যের ই-মেল আইডি রেজিস্টার্ড নয়, তাঁদের অনুমোদিত পদ্ধতিতে তাঁদের নথিভুক্ত ডাকের ঠিকানায় পাঠানো হয়েছে। যে সব সদস্যরা এই সব নথিপত্রের ফিজিক্যাল কপি পেতে চান, কোম্পানি তাঁদের নথিভুক্ত ঠিকানায় বিনামূল্যে তা পাঠাবে। এই উদ্দেশ্যে সদস্যগণকে তাঁদের ডিপিআইডি ক্লায়েন্ট আইডি/ফোলিও নং উল্লেখে একটি ই-মেল **secretarial.department@tilindia.com** তে পাঠাতে অনুরোধ করা হচ্ছে। তাঁরা বার্ষিক রিপোর্ট, এজিএম-এর নোটিস, অটেন্ডেন্স স্লিপ ও প্রক্সি ফর্ম কোম্পানির ওয়েবসাইট **www.tilindia.in** থেকে ডাউনলোডও করতে পারেন।

কোম্পানিজ অ্যাক্ট ২০১৩ এর ৯১ ধারার সঙ্গে পঠিত কোম্পানিজ (ম্যানেজমেন্ট অ্যাণ্ড অ্যাডমিনিস্ট্রেশন) রুলস, ২০১৪-এর রুল, ১০ এবং সিকিউরিটিস অ্যাণ্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইণ্ডিয়া (লিস্টিং অবলিগেশন অ্যাণ্ড ডিসক্লোসার রিকোয়ারমেন্টস) রেগুলেশন, ২০১৫-এর রেগুলেশন ৪২-এর অনুযায়ী এজিএম-এর উদ্দেশ্যে কোম্পানির সদস্যদের রেজিস্টার্ড ও শেয়ার হস্তান্তর বহি ১৬ই জুলাই, ২০১৬, শনিবার থেকে ২২শে জুলাই, ২০১৬, শুক্রবার পর্যন্ত (উভয়দিন সহ) বন্ধ থাকবে।

কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩ -এর ১০৮ ধারা, কোম্পানিজ (ম্যানেজমেন্ট অ্যাণ্ড অ্যাডমিনিস্ট্রেশন) রুলস, ২০১৪-এর রুল ২০, কোম্পানিজ (ম্যানেজমেন্ট অ্যাণ্ড অ্যাডমিনিস্ট্রেশন) অ্যামেণ্ডমেন্ট রুলস, ২০১৫ দ্বারা বিকল্পকৃত এবং সিকিউরিটিজ অ্যাণ্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইণ্ডিয়া (লিস্টিং অবলিগেশনস অ্যাণ্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর বিধানাবলির শর্ত অনুযায়ী ও তদনুসারে আরও বিজ্ঞাপিত করা হচ্ছে যে ঃ

ক) কোম্পানি তার সদস্যদের প্রস্তাবিত বিষয় যেগুলি এজিএমে বিবেচিত হবে তার উপর ইলেক্টনিক মাধ্যমে ভোটের সুযোগ দেবে। এজিএম স্থানের বাইরে থেকেও সদস্যরা ইলেক্টনিক প্রক্রিয়ায় ভোট দিতে পারবেন (রিমোট ই-ভোটিং)। এর জন্য কোম্পানি ন্যাশনাল সিকিউরিটিজ্ ডিপোজিটরি লিমিটেড ("এনএসডিএল")-এর সঙ্গে সদস্যদের রিমোট ই-ভোটিং পরিষেবা সংক্রান্ত চুক্তি করেছে।

খ) কাট অফ তারিখ অর্থাৎ শুক্রবার, ১৫ই জুলাই, ২০১৬-তে সদস্য/সুবিধাভোগী মালিক (ইলেক্টনিক শেয়ার ধারনে)-এর নামে প্রদত্ত শেয়ার মূল্য নিবন্ধীকরণের ওপর ভোটাধিকার ন্যস্ত হবে। কোন ব্যক্তি, যার নাম ১৫ই জুলাই, ২০১৬-এর কাট অ ফ তারিখে ডিপোজিটরিজ কর্তৃক নিয়ন্ত্রিত সদস্য রেজিস্টার বা সুবিধাভোগী মালিকদের রেজিস্টারে নথিভুক্ত থাকবে তাঁরাই রিমোট ই-ভোটিং এবং এজিএমে ভোটাধিকারের সুযোগ পাবেন। একটি করে ইউসার আইডি এবং পাসওয়ার্ড ইলেক্টনিক ভোটাধিকারের জন্য সব সদস্যকেই পাঠানো হয়েছে। এজিএম বিজ্ঞপ্তি পাওয়া যাবে এনএসডিএল ওয়েবসাইট **https://www.evoting.nsdl.com**-এও।

গ) ই-ভোটিং প্রক্রিয়া ৩ দিন চলবে মঙ্গলবার, ১৯শে জুলাই, ২০১৬ (ভারতীয় সময় ০৯.০০ ঘন্টা) থেকে বৃহস্পতিবার, ২১শে জুলাই, ২০১৬ (ভারতীয় সময় ১৭.০০ ঘন্টা) পর্যন্ত। এর পরে ই-বোটিং পরিষেবা ব্যবস্থা বিকল করে দেবে এনএসডিএল। প্রস্তাবে একবার ভোট দিলে তা বদলানো যাবে না। এজিএম বিজ্ঞাপ্তিতে ই-ভোটিংয়ের বিকল প্রক্রিয়া/নির্দেশাবীল প্রদত্ত আছে। কোনও জিজ্ঞাসা বা অভিযোগ থাকলে **https://www.evoting.nsdl.com**-এর ডাউনলোড সেকশনে Frequently Asked Questions (FAQs) এবং সদস্যদের ই-ভোটিং ইউসার ম্যানুয়ালের পরামর্শ নিতে পারেন বা নিঃশুল্ক নম্বর ১৮০০-২২২-৯৯০ তে ফোন করতে পারেন।

ঘ) কোম্পানির শেয়ার গ্রহণ করেছেন এবং আলোচ্য বার্ষিক সাধারণ সভার নোটিস পাঠানোর পরে কোম্পানির সদস্য হয়েছেন ও নির্নায়িক তারিখ ১৫ই জুলাই, ২০১৬ (শুক্রবার) অবধি সময়সীমার মধ্যে শেয়ার সংগ্রহ করেছেন - এরূপ যেকোনও ব্যক্তি **evoting@nsdl.co.in**-তে আবেদন পাঠিয়ে ইউজার আইডি এবং পাস ওয়ার্ড পেতে পারেন। তবে, যদি আপনি ইতিমধ্যেই রিমোট ই-ভোটিং-এর জন্য এনএসডিএল-এর কাছে রেজিস্টার্ড হয়ে থাকেন তাহলে আপনি আপনার ভোটাধিকার প্রয়োগ করার জন্য আপনার বর্তমান ইউজার আইডি এবং পাসওয়ার্ড ব্যবহার করতে পারেন। পাসওয়ার্ড ভুলে গিয়ে থাকলে **www.evoting.nsdl.com**-তে পাওয়া যাওয়া অপশন "Forgot User Details/Password" ব্যবহার করে আপনার পাসওয়ার্ডের জন্য অনুরোধ করতে পারেন।

ঙ) যে সকল সদস্য বার্ষিক সাধারণ সভার পূর্বে ইলেক্টনিক পদ্ধতিতে ভোটাধিকার প্রয়োগ করবেন তাঁরাও বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণ করতে পারবেন তবে পুনরায় সেখানে ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন না।

চ) আলোচ্য বার্ষিক সাধারণ সভায় ব্যালট পেপারে ভোটাধিকার প্রয়োগের সুযোগ মিলবে এবং ইলেক্টনিক পদ্ধতিতে ভোটদান না করা যে সকল সদস্য উক্ত সভায় অংশগ্রহণ করবেন তাঁরা ব্যালট পেপারের মাধ্যমেই ভোটদান করতে পারবেন। ফের পরিষ্কারভাবে জানানো হচ্ছে যে যেসকল সদস্য ইলেক্টনিক পদ্ধতিতে ভোটাধিকার প্রয়োগ করবেন তাঁরা অনুগ্রহ করে ব্যালট পেপারে ভোটাধিকার প্রয়োগ করবেন না। কোম্পানির আদায়ীকৃত ইকুইটি শেয়ার মূলধনের শেয়ারগুলির সংখ্যার অনুপাতে সদস্যর ভোটাধিকার নির্ধারিত থাকবে।

ছ) এ ব্যাপারে যেকোনও অভিযোগের নিষ্পত্তিকারী ব্যক্তিদের সঙ্গে যোগাযোগ সংক্রান্ত বিবরণ ঃ

i) **ব্যালটের মাধ্যমে ভোটদান ঃ**
শ্রী কুন্তল মুস্তাফি
**সিবি ম্যানেজমেন্ট সার্ভিসেস (পি) লিমিটেড**
পি-২২, বন্ডেল রোড, কলকাতা-৭০০ ০১৯
টেলিফোন ঃ (০৩৩) ৪০১১ ৬৭০০/৬৭১১/৬৭১৮, ই-মেল ঃ rta@cbmsl.com

ii) ই-ভোটিং ঃ
শ্রী রাজিব রঞ্জন
**ন্যাশনাল সিকিউরিটিজ ডিপোজিটারি লিঃ (এনএসডিএল)**
ট্রেড ওয়ার্ল্ড-এ ইউং, কমলা মিলস কম্পাউন্ড
লোয়ার পারেল, মুম্বই-৪০০ ০১৩
টেলিফোন ঃ ০২২ ২৪৯৯ ৪৭৩৮, ই-মেল ঃ rajivr@nsdl.co.in

এই নোটিস কোম্পানির ওয়েবসাইট **www.tilindia.in**-তে এবং এনএসডিএল-এর ওয়েবসাইট **www.evoting.nsdl.com**-তে পাওয়া যাবে।

টি আই এল লিমিটেড-এর পক্ষে
**শেখর ভট্টাচার্য্য**
কোম্পানি সেক্রেটারি

স্থান ঃ কলকাতা
তারিখ ঃ ২৯.০৬.২০১৬